Ex/CBCS/BNG/PG/3·56C/2024

## স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## বাংলা

## কোর্স : পিজি ৩.৫৬ সি

## আধুনিক বাংলা কবিতা - পর্ব ৩

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

*প্রশ্নগুলি সম মানের।*

*যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।* ১০×৩=৩০

১. গত শতকের সাতের দশকের বাংলা কবিতায় ভাষা, বিষয়, প্রকরণ ও শৈলীর বিচিত্র নিরীক্ষার পরিচয় পাওয়া যায় — বিভিন্ন কবির কবিতা আলোচনা করে প্রসঙ্গটি বিশ্লেষণ করে দেখাও।

২. লিঙ্গ-রাজনীতি, প্রতিরোধের রাজনীতি বা সামাজিক-রাষ্ট্রিক ব্যবস্থার বিরুদ্ধে রাজনৈতিক উচ্চারণ — গত শতকের আটের দশকের কবিতায় এগুলি আছে, কখনও প্রত্যক্ষ, কখনও প্রচ্ছন্ন প্রকাশে — মন্তব্যটি বিচার করো।

৩. 'বাংলা কাব্য পরিচয়' কাব্য-সংকলন গ্রন্থটির সম্পাদনার দিকে লক্ষ করলে সম্পাদক রবীন্দ্রনাথের ভাবনায় 'আধুনিকতা'-র সংকটের কোনো চিহ্ন কি তুমি টের পাও? যুক্তিসহ তোমার মতামত দাও।





৪. ''দুই সংকলকের এমন ভিন্নতা, কবিতা ও রাজনীতির সম্পর্ক নিয়ে এমন মতানৈক্য বাংলা কবিতার সংকলনের ইতিহাসে এমনভাবে কখনও দেখা যায়নি।'' 'আধুনিক বাংলা কবিতা' নামের কবিতা সংকলনের দুই সম্পাদক আবু সয়ীদ আইয়ুব এবং হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রসঙ্গে লিখেছিলেন শিশিরকুমার দাশ। তাঁর এই মন্তব্যের সম্পর্কে তোমার বিবেচনা বুঝিয়ে লেখো।

★★★